MINISTERO DELL'INTERNO

euaa EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

# রিসেপশনের সময় আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:

- আপনার বয়স 18 বছরের নিচে হয়
- আপনি আপনার মা-বাবার মধ্যে একজন বা দুজনের সঙ্গে এসে থাকেন,
- আপনি এবং আপনার পরিবার কর্তৃপক্ষকে জানিয়েছে যে আপনারা অ্যাসাইলামের জন্য আবেদন করতে চান (যাকে আন্তর্জাতিক সুরক্ষা-ও বলা হয়) *ইতালি*-এ।


**আপনি আর আপনার পরিবার এই দেশে নিরাপদ।**

BENGALI

ইউরোপে, যাদের বয়স 18 বছরের নিচে, তাদের সবাইকে শিশু হিসেবে ধরা হয়। প্রতিটি শিশুরই **বিশেষ সহায়তা** পাওয়ার অধিকার আছে।

## কারা আপনাকে সাহায্য করতে পারেন?

আপনি যখন এই দেশে থাকবেন, অনেক পেশাদার মানুষ আপনাকে আর আপনার পরিবারকে সাহায্য করতে পারবেন, যেমন, **একজন দোভাষী** আপনার বোঝা ভাষায় কথা বলতে সাহায্য করতে পারেন। তাদের কাজ হলো, আপনি ও অন্যরা যা বলছে, তা ঠিকভাবে অনুবাদ করা।



## আপনি ও আপনার পরিবার কী পাবেন?

কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম সংক্রান্ত আবেদন পরীক্ষা করার জন্য যে সময় নেবেন সেই সময় পর্যন্ত অপেক্ষা করাকালীন আপনারা বিভিন্ন ধরনের সহায়তা এবং পরিষেবা পাবেন। এটিকে বলা হয় **রিসেপশন**।

এক শিশু এবং অ্যাসাইলাম প্রার্থী হিসেবে আপনার অধিকার আছে, তবে কিছু বাধ্যবাধকতাও আছে যা আপনাকে মেনে চলতে হবে। এগুলো এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

যদি ব্রোশিওরের কিছু অংশ আপনি বুঝতে না পারেন বা কোনো প্রশ্ন থাকে, তবে কর্মী ও আপনার বাবা-মায়ের কাছে জিজ্ঞেস করুন।

আপনারা আগামী দিনগুলোতে আরও তথ্য পাবেন।

**আপনার ও আপনার পরিবারের পরিস্থিতির ওপর নির্ভর করে, আপনারা যা পাবেন:**



- একটি ঘুমানোর জায়গা



- খাবার



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- কাপড়



- আপনার পরিবার দৈনন্দিন খরচের জন্য কিছু অর্থও পেতে পারে।

## স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

**কর্তৃপক্ষ নিশ্চিত করবে যেন আপনি প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা পান।**

**আপনি এবং আপনার পরিবার একজন নার্স বা ডাক্তারের সাথে চিকিৎসা সংক্রান্ত পরামর্শ করতে পারবেন কি না, তা কর্মীরা আপনাদের জানিয়ে দেবেন।**






## কর্মীদের জানান যদি:


- আপনি অসুস্থ, আহত হোন বা জরুরি চিকিৎসার প্রয়োজন হয়
- আপনার কোনো শারীরিক অক্ষমতা থাকলে
- আপনার সাথে কেউ খারাপ ব্যবহার করে
- আপনি কাউকে ভয় পেয়েছিলেন বা পাচ্ছেন
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনি বা আপনার পরিবারের অন্য কোনো কারণে সহায়তা প্রয়োজন হয়।

আপনি যদি প্রায়শই বিষণ্ন, রাগান্বিত, ভীত, চিন্তিত বোধ করেন বা ঘুমাতে সমস্যা হয় তাহলে আপনি একজন **মনোবিজ্ঞানীর** সাথে কথা বলতে পারেন। আপনি নার্স, চিকিৎসক, মনোবিজ্ঞানী এবং কর্মীদের উপর আস্থা রাখতে পারেন আপনার সম্মতি ছাড়া আপনার বলা কোনো কথাই—আপনার বাবা-মা ছাড়া—অন্য কারো সাথে শেয়ার করা হবে না। এর একমাত্র ব্যতিক্রম হলো যদি আপনার বা অন্য কারো জীবনের কোনো ঝুঁকি থাকে।

## শিক্ষার অধিকার

একজন শিশু হিসেবে আপনার শেখার ও শিক্ষা লাভের অধিকার আছে। কর্মীরা আপনাকে শিক্ষামূলক এবং বিনোদনমূলক বিষয়গুলি সম্পর্কে জানাবেন যা আপনাকে শিখতে, নিজের উন্নতি করতে এবং নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।





## কাজ করার অধিকার





আপনার বয়স এবং পরিস্থিতির ওপর নির্ভর ক'রে, যদি আপনি চান, আপনাকে কাজ করতে দেওয়া হতে পারে। কর্মীরা আপনাকে আরও তথ্য দেবে।

## আপনি ও আপনার পরিবার কোথায় থাকবেন?



আপনারা কোথায় থাকবেন তা নির্ভর করবে আপনাদের পরিস্থিতির ওপর, যখন কর্তৃপক্ষ আপনাদের অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করছে।

কর্মীরা আপনাদের জানাবে কোথায় আপনাদের থাকতে হবে।


**আপনি কেবল কর্তৃপক্ষের নির্ধারিত স্থানেই সহায়তা ও সেবা পাবেন।**

**খুব বিরল ক্ষেত্রে, পরিবারের সবাইকে এমন একটি কেন্দ্রে রাখা হতে পারে যেখানে তারা ইচ্ছে মতো যাতায়াত করতে পারবেন না। যদি আপনি এমন পরিস্থিতিতে থাকেন, একজন আইনি উপদেষ্টা এবং কর্মীরা আপনাদের সাহায্য করবে।**



একজন আইনি উপদেষ্টা হলেন সেই ব্যক্তি যে এই দেশের নিয়মকানুন জানে, আপনাদের পরিস্থিতি পরীক্ষা করতে পারে এবং আপনাদের সহায়তা করতে পারে।

**যেখানে থাকেন না কেন, আপনাদের অধিকার আছে:**



- **আপনার পরিবারের সঙ্গে থাকার**



- আপনার পরিবারের সদস্যদের সঙ্গে **যোগাযোগ করার** এবং **যদি আপনি তাদের অবস্থান না জানেন, তাদের খুঁজে পেতে সাহায্য পাওয়ার।**

**আপনার নিরাপদে থাকার অধিকার আছে। কারুর কখনোই নিচের কাজগুলো করার অনুমতি নেই:**



আপনাকে ভয় দেখানোর



আপনাকে অপমান করার



আপনার ক্ষতি করার

তারা যেই হোক না কেন, কোনো অপরিচিত ব্যক্তি বা আপনার পরিচিত কেউ। যদি আপনার মা-বাবা বা কর্মীদের সঙ্গে কোনো সমস্যা হয়, আপনি নির্ভয়ে সেটা জানাতে পারেন।

## আপনি ও আপনার পরিবারের রিসেপশনে কী কী বাধ্যবাধকতা আছে?

সত্য বলা এবং কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করা গুরুত্বপূর্ণ, যদিও কখনও আপনার কথাগুলো বলা ভয়ঙ্কর বা কঠিন মনে হয় তখনও।
কর্মীরা যদি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন, তাহলে তারা আপনাকে সাহায্য করতে পারবেন।

নিচে কিছু বাধ্যবাধকতা উল্লেখ করা হলো যা আপনাকে এবং আপনার পরিবারকে অবশ্যই পালন করতে হবে।

- ✔ যেখানে আপনারা থাকবেন সেখানের নিয়ম মেনে চলতে হবে।
- ✖ যেখানে কর্তৃপক্ষ আপনাদের থাকতে বলেছে, সেখান থেকে চলে যাবেন না।
- ✔ এই দেশের আইন মেনে চলুন, যা কর্মীরা আপনাদের ব্যাখ্যা করবেন।

## আপনি বা আপনার পরিবার আপনাদের বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হলে কী হবে?

যদি এটি ঘটে, আপনারা কর্মীদের সঙ্গে খোলাখুলি কথা বলতে পারেন এবং আপনাদের পরিস্থিতি ব্যাখ্যা করতে পারেন। কর্তৃপক্ষ বিষয়টি ভালোভাবে খতিয়ে দেখবে, আর যদি কোনো ব্যবস্থা নিতে হয়, তাহলে আপনার মা-বাবাকে জানাবে।



উদাহরণস্বরূপ, যদি আপনার পরিবারের কোনো সদস্য কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা না করে, **সেই পরিবারের সদস্যটি কম সহায়তা পেতে পারে।**



যদি আপনার পরিবারের কেউ হিংস্র আচরণ করে, **তাহলে সে তার সহায়তার কিছু অংশ হারাতে পারে।** এমন হলে পুলিশকে ডাকা হতে পারে।

তারা যে ধরনের সহায়তা পাবেন তা তাদের ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের ওপর নির্ভর করবে।

**আপনি এবং আপনার পরিবার এখন ইতালি -এ আছেন, যা একটি EU+ দেশ। EU+ দেশগুলি হল:**

- ইউরোপিয়ান ইউনিয়নের (EU) 27টি সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং
- 4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লি**শটেন**স্টাইন, এবং সুইজারল্যান্ড।


## অ্যাসাইলাম চাওয়া এবং ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশগুলোতে ভ্রমণের নিয়ম



- আপনি ও আপনার পরিবারকে *ইতালি* এ থাকতে হবে এবং অন্য কোনো ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশে চলে যাওয়া যাবে না।
- যদি আপনারা চলে যান, তাহলে তার ফল খারাপ হতে পারে, যা পরে বোঝানো হবে। যেমন, অন্য দেশে গেলে আপনারা আগের মতো সহায়তা পাবেন না।
- মনে রাখুন, আপনারা প্রথম যে ইউরোপিয়ান ইউনিয়ান (EU+) দেশে এসেছিলেন, সেখানেই আপনাদের অ্যাসাইলামের আবেদন জমা দিতে হবে, যদি না কর্তৃপক্ষ আপনাদের অন্য কিছু করতে বলে।
- এই দেশগুলোর মধ্যে কেবল একটি দেশ আপনাদের অ্যাসাইলামের আবেদন পরীক্ষা করবে। ইতালি এর কর্তৃপক্ষ আপনাদের জানাবে, কোন দেশ আপনাদের আবেদনটি দেখবে।

আপনারা এসব নিয়ম-কানুন আলাদা ব্রোশিওরে আরো ভালোভাবে জানতে পারবেন।

# যদি আপনি ও আপনার পরিবার কোনো ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশে চলে যান, তাহলে কী হবে?




**ইতালি এ:**

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউরের আবেদন প্রক্রিয়া থেমে যেতে পারে।

**অন্য EU+ দেশে:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাদের সেই দেশেই ফেরত পাঠানোর, যেখান থেকে আপনারা এসেছিলেন।

যখনই কর্তৃপক্ষ আপনাদের এই সিদ্ধান্ত সম্পর্কে জানাবে, তখন আপনারা কিছু অধিকার ব্যবহার করতে পারবেন না, যেমন:

- আপনারা কিছু ধরনের সহায়তা পাবেন না এবং
- আপনারা আর কাজ করতে পারবেন না।

তবে আপনাদের যে ধরনের সহায়তা পাবেন তা আপনাদের পরিস্থিতি এবং প্রয়োজনের ওপর নির্ভর করবে।

## যদি আপনি এবং আপনার পরিবার কর্তৃপক্ষের নেওয়া কোনো সিদ্ধান্তের সঙ্গে একমত না হন, তাহলে কারা আপনাদের সাহায্য করতে পারেন?



আপনারা একজন আইনি পরামর্শদাতার কাছে সাহায্য চাইতে পারেন।

কর্মীরা আপনাদের তথ্য এবং সহায়তা প্রদান করতে পারে এমন বেসরকারি সংস্থা সম্পর্কেও অবহিত করবেন।




আপনারা চাইলে যেকোনো সময় জাতিসংঘের শরণার্থী সংস্থা (UNHCR)-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। UNHCR সেইসব মানুষকে সাহায্য করে ও রক্ষা করে, যাদের নিজেদের দেশ ছেড়ে যেতে বাধ্য করা হয়েছে।

## আমার নোট

# যোগাযোগের তথ্য

যদি আপনার এবং আপনার পরিবারের কোন প্রশ্ন থাকে বা আপনাদের থাকার সময় আপনাদের কোনো সহায়তা প্রয়োজন হয়, তাহলে আপনারা সেইসব কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন যারা কাজ করছেন:

### প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

### অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*
*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

### শিশু সুরক্ষা

*কাস্টমাইজ করবে*

### বিপদে পড়া শিশুদের জন্য হেল্পলাইন

*কাস্টমাইজ করবে*

### আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব

*এই পর্যায়ে আইনি পরামর্শ, সহায়তা ও প্রতিনিধিত্ব দিতে পারে এমন সংস্থাগুলোর হটলাইন, ওয়েবসাইট বা প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন। RCD-এর আওতায় আইনগত সহায়তা এবং প্রতিনিধিত্ব ভিন্ন প্রতিষ্ঠান দ্বারা প্রদান করা হলে, অনুগ্রহ করে একটি আলাদা এন্ট্রি অন্তর্ভুক্ত করুন*

**UNHCR (জাতিসংঘ শরণার্থী সংস্থা)** অ্যাসাইলাম প্রার্থী ও শরণার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

### অন্যান্য যোগাযোগের তথ্য

*অন্যান্য যোগাযোগের তথ্য যোগ করতে (যেমন: UNHCR বাস্তবায়ন পার্টনার, যেকোনো অন্যান্য সংস্থা যা সহায়তা প্রদান করে)*

যদি আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয় বা আপনি বিপদে পড়েন, তাহলে আপনি এই নম্বরে / এই নম্বরগুলোতে নির্বাচন করুন বিনামূল্যে কল করতে পারেন:

**জরুরি চিকিৎসা পরিস্থিতি:** *নাম্বার*

**পুলিশ** নাম্বার

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025